# বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়

পরিবেশ বান্ধব ব্যাংকিং করুন

ফোন ঃ ৯৫৫৩৫৩৫
৮৩-৮৫, মতিঝিল বা/এ,ঢাকা-১০০০।
e-mail - dgmcsd@krishibank.org.bd

প্রকিউরমেন্ট বিভাগ


নং-প্রকা/প্রকিউর-২(২৮)অংশ-০২/২০১৬-২০১৭/৫৩৬ তারিখ ঃ ০৮-০২-২০১৭খ্রিঃ

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ বাংলাদেশ কৃষি ব্যাংকের উত্তরাস্থ সাবেক ডরমেটরী ভবনে কক্ষ ভাড়া বৃদ্ধিকরণসহ অন্যান্য শর্তাবলী সংশোধন/সংযোজন প্রসংগে।

প্রিয় মহোদয়

বিগত ০২-০২-২০১৭ তারিখে অনুষ্ঠিত ব্যবস্থাপনা সমন্বয় কমিটির ৩৮৩ তম সভার সিদ্ধান্ত মোতাবেক শিরোনামে বর্ণিত বিষয়ে অত্র বিভাগ কর্তৃক জারীকৃত প্রশাসন পরিপত্র ১১/২০০৯ তারিখ ৩০-০৭-২০০৯ এর অন্যান্য শর্তাবলী নিম্নোক্তভাবে সংশোধন/সংযোজন করা হলো।

শর্তাবলী

ক) বাংলাদেশ কৃষি ব্যাংক উত্তরাস্থ সাবেক ডরমেটরী ভবনের কক্ষের ভাড়া নিম্নবর্ণিতভাবে পুনঃ নির্ধারণ করা হলো ঃ

(১) বড় কক্ষের (১২X১৩) মাসিক ভাড়া-১২০০/- হতে ৩০০০/-(তিন হাজার) টাকা; এবং
(২) ছোট কক্ষের (১০X ১২) মাসিক ভাড়া-১০০০/- হতে ২,৫০০/-(দুই হাজার পাঁচশত) টাকা।

খ) ঢাকা মহানগরীর বিভিন্ন শাখা/কার্যালয়ে কর্মরত আছেন এমন কর্মকর্তা/কর্মচারীগণের অনুকূলে কক্ষ বরাদ্দ দেয়া যাবে। যে সকল কর্মকর্তা/কর্মচারীর ঢাকা শহরে নিজস্ব বাড়ী/ফ্ল্যাট রয়েছে তাদের অনুকূলে কক্ষ বরাদ্দ দেয়া যাবে না;

গ) অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী,চাকুরীচ্যুত কর্মকর্তা/কর্মচারী এবং ঢাকা শহরের বাহিরে বদলীকৃত কর্মকর্তা/কর্মচারীদেরকে বরাদ্দকৃত কক্ষের বরাদ্দপত্র স্বংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং বরাদ্দকৃত কক্ষ/ফ্ল্যাটের চাবি প্রকিউরমেন্ট বিভাগের নিকট বুঝিয়ে দিতে হবে;

ঘ) একজনের নামে বরাদ্দ প্রাপ্ত কক্ষে অন্য কোন কর্মকর্তা/কর্মচারী বসবাস করতে পারবেন না। এরূপ ক্ষেত্রে বরাদ্দ প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী এবং অবৈধভাবে অবস্থানকারী কর্মকর্তা/কর্মচারী উভয়ের বিরুদ্ধে শৃংখলা ভঙ্গের দায়ে ব্যাংকের কর্মকর্তা/কর্মচারী চাকুরী প্রবিধানমালা ২০০৮ এর সংশ্লিষ্ট ধারা মোতাবেক শৃংখলাজনিত মোকদ্দমা দায়ের করা হবে;

ঙ) ইহা ছাড়া বিদ্যুৎ,গ্যাস ও পানির বিল প্রদানের বিষয়সহ প্রশাসন পরিপত্র নং-১১/২০০৯ তারিখ ৩০-০৭-২০০৯ এর অন্যান্য শর্তসমূহ যথারীতি অপরিবর্তিত থাকবে।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংকের উত্তরাস্থ সাবেক ডরমেটরী ভবনে বসবাসরত সকল কর্মকর্তা/কর্মচারীদের উপরোক্ত শর্তাবলী আগামী ১ মার্চ,২০১৭ তারিখ থেকে পরিপালন করার জন্য পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

০৮/০২/২০১৭

(মোঃ আব্দুল লতিফ)
উপমহাব্যবস্থাপক

নং-প্রকা/প্রকিউর-২(২৮)অংশ-০২/২০১৬-২০১৭/৫৩৬(৯৪) তারিখ ঃ ০৮-০২-২০১৭খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক,প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১,২ ও ৩ মহোদয়ের সচিবালয়,বাংলাদেশ কৃষি ব্যাংক,প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। অধ্যক্ষ (মহাব্যবস্থাপক) বাংলাদেশ কৃষি ব্যাংক,স্টাফ কলেজ,মিরপুর, ঢাকা।
০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান,বাংলাদেশ কৃষি ব্যাংক,প্রধান কার্যালয়,ঢাকা। পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আইসিটি সিস্টেমস বিভাগকে অনুরোধ করা হলো।
০৬। অধ্যক্ষ (উপমহাব্যবস্থাপক),বাংলাদেশ কৃষি ব্যাংক,রিজিওনাল স্টাফ কলেজ,চট্টগ্রাম/খুলনা।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা বাংলাদেশ কৃষি ব্যাংক।